গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রা জজ আদালতের কার্যালয়, রাজশাহী
(প্রশাসন শাখা)

আদেশ নং- ৪৩/২৫ বিঃ

তারিখঃ ১০ বৈশাখ ১৪৩২ / ২৩ এপ্রিল ২০২৫

প্রশাসনিক কর্মকর্তার নোট, সংশ্লিষ্ট কর্মচারীকে প্রদত্ত কারণ দর্শানোর নোটিশ, তাহার দাখিলী জবাব ও সংশ্লিষ্ট ম্যাজিস্ট্রেটের প্রতিবেদনসহ রাজশাহী চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের উপরোক্ত স্মারক সম্বলিত পত্রটি দেখিলাম। রাজশাহীর চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের বেঞ্চ সহকারী জনাব মোঃ নজরুল ইসলামের বিরুদ্ধে বিগত ০৮/০৪/২০২৫ ইং তারিখে SAMGBAD 24 GHANTA (https://www.facebook .com/share/v/IAGO7Yql.w4/) নামক ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রচারিত ভিডিও ক্লিপ ও একই তারিখে SAMGBAD 24 GHANTA (https://sangbad 24 ghanta.com/2025/04/08/) নামক প্রিন্ট মিডিয়ায় প্রকাশিত সংবাদ মাধ্যমে ইহা নিম্নস্বাক্ষরকারীর গোচরীভূত হইয়াছে যে, তিনি (১) আদালত চলাকালীন অবস্থায় বর্তমান বৎসরের যে কোন মাসের যে কোন সময়ে বিভিন্ন মামলায় জামিনপ্রাপ্ত ০৪ (চার) জন আসামীর পক্ষে বেল বন্ড দাখিলের জন্য প্রত্যেকের নিকট হইতে নগদ ৪০০/= (চারশত) টাকা করিয়া ঘুষ গ্রহণ করিয়াছেন এবং (২) বিভিন্ন মামলায় জামিন প্রাপ্ত আসামীগণের পক্ষে বেল বন্ড দাখিলের সময় প্রত্যেকের জন্য পৃথক পৃথক অর্থ দাবী, নথি উপস্থাপনের ক্ষেত্রে স্বেচ্ছাচারিতা অবলম্বন ও জাবেদা নকলের জন্য মামলার নথি নকল খানায় প্রেরণের ক্ষেত্রে অর্থ দাবী পূর্বক আদায়ের মাধ্যমে প্রতি মাসে লক্ষাধিক টাকা আয় করেন যাহা ২০১৮ সনের সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ৩(ঘ) বিধিতে বর্ণিত "দুর্নীতি পরায়ণ হওয়ার" অপরাধ বলিয়া গণ্য হয়।

ইহা ছাড়া ও ইহা নিম্নস্বাক্ষরকারীর গোচরীভূত হইয়াছে যে, তিনি যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতীত একই তারিখে SAMGBAD 24 GHANTA (https://sangbad 24 ghanta.com/2025/04/08/) নামক প্রিন্ট মিডিয়ায় উপরোক্ত প্রচারিত ভিডিও ক্লিপ ও প্রকাশিত সংবাদ বিষয়ে আত্মপক্ষ সমর্থন করিয়া বিবৃতি প্রদান করিয়াছেন যাহা একই বিধিমালার ৩(খ) বিধিতে বর্ণিত "অসদাচরণ" বলিয়া গণ্য হয়।

তাহার উপরোক্ত বেআইনী ও বিধি বহির্ভূত কার্যকলাপের জন্য তাহার বিরুদ্ধে ০২/২০২৫ নং বিভাগীয় মামলা রুজু করা হইল।

যেহেতু সংশ্লিষ্ট কর্মচারীর কৃত অপরাধ অত্যন্ত গুরুতর প্রকৃতির যাহা সমাজের উপর অত্যন্ত নেতিবাচক প্রভাব সৃষ্টি করিতেছে যাহার ফলে বিচার বিভাগের ভাবমূর্তি মারাত্মকভাবে ক্ষতিগ্রস্থ হইতেছে সেইহেতু মামলার তদন্ত কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য মামলাটি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত তাহাকে চাকুরী হইতে সাময়িকভাবে বরখাস্ত (suspended) করা হইল।

তিনি বিধি মোতাবেক খোরাকী ভাতা (subsistence allowance) প্রাপ্ত হইবেন।

জনস্বার্থে এই আদেশ জারী করা হইল।

সংশ্লিষ্ট সকলকে জানানো হউক।

২৩/৪/২০২৫

(গোলক চন্দ্র বিশ্বাস),
(গ্রেডেশন নং ১৬),
সিনিয়র জেলা ও দায়রা জজ,
রাজশাহী
ই-মেইলঃ districtjudgecourt.rajshahi@gmail.com

স্মারক নং ৯৪৯/২৫-জি , তারিখ: ১০ বৈশাখ ১৪৩২ / ২৩ এপ্রিল ২০২৫

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হইল:

১। মাননীয় সচিব,
আইন ও বিচার বিভাগ, আইন,
বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মাননীয় রেজিস্ট্রার জেনারেল,
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা,

৩। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, রাজশাহী,

৪। ভারপ্রাপ্ত ম্যাজিস্ট্রেট, হিসাব বিভাগ, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, রাজশাহী,

৫। বিভাগীয় হিসাব রক্ষণ কর্মকর্তা, রাজশাহী,

৬। মোঃ নজরুল ইসলাম, বেঞ্চ সহকারী, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, রাজশাহী ও

৭। অফিস কপি।

জেলা ও দায়রা জজ আদালত, রাজশাহী

(মোঃ ফজলে রাব্বী),
প্রশাসনিক কর্মকর্তা,
সিনিয়র জেলা ও দায়রা জজ,
রাজশাহী